রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৪, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৯ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১৩ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৫১-আইন/আয়কর-২৮/২০২৪।—জাতীয় রাজস্ব বোর্ড, আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, কোনো বিশ্ববিদ্যালয়, কলেজ বা গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক গবেষণা পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশের বাহিরের কোনো প্রতিষ্ঠানের নিকট হইতে গৃহীত যে কোনো প্রকারের গবেষণা অনুদান (research grants)-কে, নিম্নবর্ণিত শর্তে, উক্ত বিশ্ববিদ্যালয়, কলেজ বা গবেষণা প্রতিষ্ঠানের মোট আয় পরিগণনা হইতে বাদ প্রদান করিল, যথা:—

শর্ত

সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়, কলেজ বা গবেষণ প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট হইতে কর অব্যাহতির সমর্থনে অব্যাহতি সনদ গ্রহণ করিতে হইবে।

৩। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে এবং ২০২৬-২০২৭ করবর্ষ পর্যন্ত বলবৎ থাকিবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(২৪১৯)
মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com